মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ
মিরপুর ঢাকা-১২১৬।

মউবিক/প্রশিদ/নোটিশ-১৬০৮/২০২৬-১ 　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　১৬-০৮-২০২৬

## সকল অভিভাবকের দৃষ্টি আর্কষণ করছি

সকল শিক্ষার্থীর সম্মানিত অভিভাবকগণকে অতি বিনয়ের সাথে জানাচ্ছি যে, আমাদের সন্তানের প্রতি নজর দেন, নিয়মিত খোঁজ খবর রাখেন, সারাদিন কী কী করল, জবাবদিহিতা নিশ্চিত করুন।
সাথে নিম্নোক্ত বিষয়গুলো খেয়াল রাখার জন্য অনুরোধ করা হলোঃ-

১। সে কখন স্কুলে যায় ।
২। স্কুল থেকে কখন বাসায় ফিরে।
৩। স্কুলে আসার সময় মোবাইল ফোন, ব্লুটুথ ইয়ার ফোন, অন্য কোন নিষিদ্ধ দ্রব্য নিয়ে আসে কি না।
৪। মাথার চুল, হাতের নখ স্বাভাবিক আছে কি না, কানে বা গলায় স্বর্ণের কোনো কিছু আছে কি না ।
৫। যদি প্রাইভেট পড়ে, কোথায় প্রাইভেট পড়ে, কখন পড়ে, কার কাছে পড়ে, সেখানে যোগাযোগ রাখবেন।
৬। মাঝে মধ্যে তাকে না জানিয়ে স্কুলে আসবেন।
৭। শ্রেণি-শিক্ষকের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন।
৮। কার সাথে মিশে জানতে চেষ্টা করবেন।
৯। প্রয়োজনের অতিরিক্ত টাকা দিবেন না ।
১০। মাঝে মধ্যে স্কুল ব্যাগ, মানিব্যাগ বা অন্য কোন ছোট ব্যাগ (যদি থাকে) চেক করবেন।
১১। স্মার্টফোন ব্যবহারে নিরুৎসাহিত করবেন, যদি কোনো তথ্যের প্রয়োজন হয় তবে আপনি পাশে থেকে সহায়তা করবেন।
১২। আপনার সন্তানকে নিয়মিত স্কুলে পাঠাবেন, আসা-যাওয়া নিশ্চিত করবেন।
১৩। যে কোন সমস্যা সম্পর্কে জানতে শ্রেণি-শিক্ষক বা প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ করে এটার সত্যতা যাচাই করবেন ।
১৪। সূর্য উঠার আগে আগেই আপনার সন্তানকে জাগিয়ে দিন।
১৫। পাঁচ ওয়াক্ত নামাজ পড়ার তাগিদ এবং অন্যান্য ধর্মাবলম্বীদের নীতি অনুযায়ী চলার তাগিদ দিতে হবে।
১৬। রাতে বাসায় পড়া নিশ্চিত করতে হবে। রাতে পড়া শেষে ১১টা থেকে সর্বোচ্চ ১১.৩০মিনিট মধ্যে ঘুমানোর তাগিদ দিতে হবে।
১৭। বিদ্যালয়ের রুটিন অনসরণ করাবেন।
১৮। সে বাড়ির কাজ করে কি না ।
১৯। সে ক্লাসে C.W করে কি না।
২০। অভিভাবকগণও WhatsApp গ্রুপ দেখবেন।
২১। সে স্কুলে সিটি পরীক্ষা ও কুইজে অংশগ্রহণ করে কি না তার তদারকি করবেন।

১৬/০৮/২০২৬

(মোঃ সিরাজুল ইসলাম)
প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)
মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ।